গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
রাঙ্গামাটি
Website: www.rhdc.gov.bd

স্মারক নং- রাপাজেপ/হস্তাঃনিয়োগ/২০২৪/২১৫ তারিখ: ১৫/০৪/২০২৪ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং- ৫৯.০০.০০০০.১১০.১১.০৬১.২১-৬৫০, তারিখ: ২১.০৯.২০২৩ খ্রি: মূলে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা পরিবার পরিকল্পনা বিভাগের ১১-২০ গ্রেডের ৮ ক্যাটাগরীর ৫০ (পঞ্চাশ)টি রাজস্ব খাতভুক্ত শূণ্য পদসমূহ পুরণের জন্য জনবল নিয়োগের লক্ষ্যে শুধুমাত্র রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে এলাকার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ০১ | উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার গ্রেড-১১ (টা: ১২,৫০০-৩০,২৩০/-) | ০৪ (চার) | এস.এস.সি. পাশ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) হতে চিকিৎসা সহকারীদের জন্য নির্ধারিত কমপক্ষে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পাশ। | রাঙ্গামাটি জেলার স্থায়ী বাসিন্দা (সকল উপজেলা হতে) |
| ০২ | পরিবার কল্যাণ পরিদর্শিকা (এফডব্লিউভি) (শুধুমাত্র মহিলা প্রার্থী) গ্রেড-১৪ (টা: ১০,২০০-২৪,৬৮০/-) | ১৪ (চৌদ্দ) | এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কৃতকার্য প্রার্থীগণ প্রশিক্ষণার্থী হিসেবে মৌলিক প্রশিক্ষণের জন্য নির্বাচিত হবেন। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণ নির্ধারিত প্রশিক্ষণ ইনস্টিটিউটে ১৮ মাসের মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করার পর বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে সনদপ্রাপ্তি সাপেক্ষে শূন্যপদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত হবেন। | |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ (টা: ৯৩০০-২২,৪৯০/-) | ০১(এক)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>গ) কম্পিউটারে Word processing, Data Entry and Typing এর গতি প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজীতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে। | |
| ০৪ | অফিস সহায়ক গ্রেড-২০ (টাঃ ৮২৫০-২০০১০/-) | ০১(এক)টি | এস, এস,সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৫ | নিরাপত্তা প্রহরী (গার্ড) গ্রেড-২০ (টাঃ ৮২৫০-২০,০১০/-) | ০৫(পাঁচ)টি | অষ্টম শ্রেণি পাশ। | |
| ০৬ | আয়া (শুধুমাত্র মাহিলা প্রার্থী) গ্রেড-২০ (টাঃ ৮২৫০-২০,০১০/-) | ০৩(তিন)টি | অষ্টম শ্রেণি পাশ। | |

| ক্র:নং | পদের নাম, বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) ও সংখ্যা | উপজেলার নাম | ইউনিয়নের নাম | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে এলাকার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০৭ | পরিবার পরিকল্পনা পরিদর্শক (এফপিআই) (শুধুমাত্র পুরুষ প্রার্থী) গ্রেড- ১৬ (টা: ৯৩০০ - ২২৪৯০/-) পদের সংখ্যা-১০টি | সদর | সাপছড়ি ইউনিয়ন | ০১ (এক)টি | একটি দ্বিতীয় বিভাগসহ কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফকেট (এইচ,এস,সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | শুধুমাত্র সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| | | লংগদু | গুলশাখালী ইউনিয়ন | ০১ (এক)টি | | |
| | | | কালাপাকুইজ্যা ইউনিয়ন | ০১ (এক)টি | | |
| | | রাজস্থলী | বাঙ্গালহালিয়া ইউনিয়ন | ০১ (এক)টি | | |
| | | কাপ্তাই | চন্দ্রঘোনা ইউনিয়ন | ০১ (এক)টি | | |
| | | বাঘাইছড়ি | বঙ্গলতলী ইউনিয়ন | ০১(এক)টি | | |
| | | | খেদারমারা ইউনিয়ন | ০১(এক)টি | | |
| | | বিলাইছড়ি | ফারুয়া ইউনিয়ন | ০১(এক)টি | | |
| | | | কেংড়াছড়ি ইউনিয়ন | ০১(এক)টি | | |
| | | জুরাছড়ি | জুরাছড়ি ইউনিয়ন | ০১(এক)টি | | |

| ক্র:নং | পদের নাম ও বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পুরাতন (বর্তমান নতুন) ওয়ার্ড অনুযায়ী | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে এলাকার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|---|
| ০৮ | পরিবার কল্যাণ সহকারী (এফডব্লিউএ) (শুধুমাত্র মহিলা প্রার্থী) গ্রেড- ১৭ (টা: ৯,০০০ - ২১,৮০০/-) পদের সংখ্যা- ১২ টি | সদর | সাপছড়ি | ৩ নং ওয়ার্ড (৭, ৮ ও ৯) | ০৫ (পাঁচ) টি | এস,এস,সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | সাপছড়ি ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের (৭, ৮ ও ৯) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | | কুতুকছড়ি | ১ নং ওয়ার্ড (১, ২ ও ৩) | | | কুতুকছড়ি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের (১, ২ ও ৩) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | | কুতুকছড়ি | ২ নং ওয়ার্ড (৪, ৫ ও ৬) | | | কুতুকছড়ি ইউনিয়নের ২ নং ওয়ার্ডের (৪, ৫ ও ৬) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | | জীবতলী | ৩ নং ওয়ার্ড (৭, ৮ ও ৯) | | | জীবতলী ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের (৭, ৮ ও ৯) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | | বন্দুকভাঙ্গা | ৩ নং ওয়ার্ড (৭, ৮ ও ৯) | | | বন্দুকভাঙ্গা ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের (৭, ৮ ও ৯) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | বরকল | বড়হরিণা | ২ নং ওয়ার্ড (৪, ৫ ও ৬) | ০৩ (তিন) টি | | বড়হরিণা ইউনিয়নের ২ নং ওয়ার্ডের (৪, ৫ ও ৬) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | | আইমাছড়া | ২ নং ওয়ার্ড (৪, ৫ ও ৬) | | | আইমাছড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের (৪, ৫ ও ৬) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুভলং | ৩ নং ওয়ার্ড (৭, ৮ ও ৯) | | | শুভলং ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের (৭, ৮ ও ৯) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | নানিয়ারচর | নানিয়ারচর সদর | ১ নং ওয়ার্ড (১, ২ ও ৩) | ০২ (দুই) টি | | নানিয়ারচর সদর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের (১, ২ ও ৩) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | | ঘিলাছড়ি | ১ নং ওয়ার্ড (১, ২ ও ৩) | | | ঘিলাছড়ি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের (১, ২ ও ৩) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | কাউখালী | ঘাগড়া | ২ নং ওয়ার্ড (৪, ৫ ও ৬) | ০২ (দুই)টি | | ঘাগড়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের (৪, ৫ ও ৬) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| | | | ফটিকছড়ি | ৩ নং ওয়ার্ড (৭, ৮ ও ৯) | | | ফটিকছড়ি ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের (৭, ৮ ও ৯) এর স্থায়ী বাসিন্দা হতে হবে। |

**শর্তাবলী:**

১। আবেদনকারীকে মাননীয় **চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ**-কে সম্বোধন করে 'নমুনা ছক' মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকে আবেদনপত্র, বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে আগামী ০৮/০৫/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি কিংবা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। আবেদন ফরম ও প্রবেশ পত্রের নমুনা কপি, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে (www.rhdc.gov.bd) অথবা জেলা পরিবার পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট www. fpo.rangamati.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

৩। আবেদনপত্র দাখিলের নির্ধারিত শেষ তারিখে প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বৎসর। তবে বীর মুক্তিযোদ্ধা প্রাধিকার কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর।

৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে:

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ৩ কপি ছবির ১ কপি প্রবেশ পত্রের সাথে আঠা দিয়ে লাগাতে হবে এবং বাকী ০২ (দুই) কপি অফিসের ব্যবহারের জন্য আবেদন ফর্মের সাথে ক্লিপ/স্টাপলার পিন দিয়ে সংযুক্ত করে দাখিল করতে হবে।

খ) বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ। ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক পদ প্রার্থীদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদে গ্রাম এবং ওয়ার্ডের নাম সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ঘ) রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে **জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত** স্থায়ী বাসিন্দার সনদ।

ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি)।

চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ।

ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

জ) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনের সাথে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদ (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)। পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত বীর মুক্তিযোদ্ধাদের সাথে প্রার্থীর সম্পর্ক সনদ (যা সংশ্লিষ্ট **উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত)** সংযুক্ত করতে হবে। ঝ) এতিমখানা নিবাসী, শারীরিক প্রতিবন্ধী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ইত্যাদি প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদ।

ঞ) আবেদনপত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

ট) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি (অফেরতযোগ্য) বাবদ ক্রমিক নং ০১, ০২, ০৩ ও ০৭ পদের প্রার্থীদের ক্ষেত্রে ৪০০/- (চারশত) টাকা এবং ০৪,০৫,০৬ ও ০৮ নং পদের প্রার্থীদের ক্ষেত্রে ৩০০/ -(তিনশত) টাকা মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি এর নামীয় সোনালী ব্যাংক, নিউ কোর্ট বিল্ডিং শাখার চলতি হিসাব নং **৫৪১৯২৪০০০০৪৭২** তে জমা দিয়ে জমা স্লিপের মূল কপি সংযুক্ত করতে হবে।

৫। চাকরিরত প্রার্থীদের আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৭। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি অসত্য/ভুয়া বলে প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে আবেদন/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৮। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র কর্তৃপক্ষের বিবেচনায় যোগ্য প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

৯। প্রবেশপত্রের মাধ্যমে লিখিত পরীক্ষার, নোটিশ বোর্ড ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট (www.rhdc.gov.bd) অথবা জেলা পরিবার পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে www.fpo.rangamati.gov.bd মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্র/কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থীত পদে নিয়োগ প্রদানে বাধ্য থাকবেন না।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি বিধি-বিধান, পার্বত্য এলাকার ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান/নীতিমালা ইত্যাদি অনুসরণ করা হবে।

১২। প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত **পদের নাম** স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে। এছাড়া, কোন কোটা **(মুক্তিযোদ্ধা/এতিমখানা নিবাসী/আনসার-ভিডিপি/প্রতিবন্ধী ইত্যাদি)** দাবী করা হলে তা-ও খামের ডান পার্শ্বে উপরিভাগে উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

অংসুইপ্রু চৌধুরী
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি, নিয়োগ কমিটি

স্মারক নং-জেপপ/রাঙ্গা/নিয়োগ/২০২৪/২৯৫(৬২)
তারিখঃ ১৫/৪/২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)-

০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০৩। পরিচালক (প্রশাসন) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৬। পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ।
০৭। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৮। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
০৯। জনাব/মিসেস .............................................................. সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১। চেয়ারম্যান, .......................................... উপজেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .......................................... উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩। পি এ টু চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,.............................. উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি), ................................ উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৬। সম্পাদক, দৈনিক গিরিদর্পণ/সম্পাদক, দৈনিক কালের কন্ঠ/ Editor, The Daily Star. তাকে বিজ্ঞপ্তিটি ১৬/০৪/২০২৪ খ্রি. তারিখের দৈনিক পত্রিকায় ১(এক) দিনের জন্য প্রচার পূর্বক ২(দুই) কপি পত্রিকাসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৭। নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিস কপি।

১৫/০৪/২৪

(বেগম সাহান ওয়াজ)
উপপরিচালক ও সদস্য সচিব (নিয়োগ কমিটি)
পরিবার পরিকল্পনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
ফোন-০২-৩৩৩৩০৪৯৮৯
ইমেইল: ddfpranga@yahoo.com